

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা

স্মারক নং-৪৬. ০২০. ০০৪. ০১. ০০.১০৪৪. ২০১৬- ২০২

তারিখঃ ৬১১১১৭

বিষয়ঃ রীট পিটিশন নং-১৪৯১৫/২০১৬, বাদী-জনাব মোঃ আবদুল ওয়াহেদ (বাহাদুর), পিতা-মোঃ আফসার উদ্দিন আহমেদ, গ্রাম-পূর্ব কাজীর হাট, উপজেলা-
জলঢাকা, জেলা-নীলফামারী-বনাম-সরকার ও অন্যান্য।

নীলফামারী জেলার জলঢাকা উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জনাব মোঃ আব্দুল ওয়াহেদ বাহাদুর স্বীয় পদ হতে পদত্যাগ করায় উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (সংশোধন আইন-২০১১) এর ১৪(১)(গ) ধারা অনুযায়ী পদটি শূন্য ঘোষণা করা হয়। উক্ত পদে তাকে পুনঃবহাল করার জন্য মাননীয় হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং-১৪৯১৫/২০১৬ দায়ের করা হয়েছে। মাননীয় আদালত রুল ইস্যু পূর্বক জবাব প্রদানের জন্য সচিব মহোদয়সহ বিবাদীগণকে নির্দেশ দিয়েছেন।। সরকারি স্বার্থে মামলাটি যথাযথ প্রতিদ্বন্দ্বিতাকরণ আবশ্যিক।

০২। এমতাবস্থায়, সরকারের পক্ষে মামলাটি প্রতিদ্বন্দ্বিতাসহ যাবতীয় কার্যক্রম গ্রহন করে গৃহীত কার্যক্রম সম্পর্কিত তথ্য যথাসময়ে স্থানীয় সরকার বিভাগসহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্তঃ বর্ণনামতে রুলের কপি।


(মোহাম্মদ শফিউল আরিফ)
উপসচিব
Email arif 6550@ yahoo.com

- ১। জেলা প্রশাসক
নীলফামারী।
- ২। উপজেলা নির্বাহী অফিসার
জলঢাকা, নীলফামারী।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা;
- ২। বিভাগীয় কমিশনার, রংপুর।
- ৩। জেলা নির্বাচন অফিসার, নীলফামারী।
- ৪। উপজেলা নির্বাচন অফিসার, জলঢাকা, নীলফামারী
- ৫। কম্পিউটার প্রোগ্রামার (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)